



স্মারক নং: রুয়েট/জস/৩১/২০২৩

তারিখঃ ০২ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ

সংবাদ বিজ্ঞপ্তি

রুয়েটে মানসম্মত গবেষণার বিষয় নির্ধারণ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) আজ শনিবার “কিওয়ার্ড সিকোয়েন্স ইম্পোস্টিভস (কেএসআই): ফ্রেডলি এ্যাপ্রোচ ফর কোয়ালিটি থিসিস এন্ড ফার্স্ট পাবলিকেশন” শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

সকাল ১১ টায় যন্ত্রকৌশল বিভাগের কনফারেন্স রুমে শুরু হওয়া এই সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপাচার্য অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম।

সেমিনারে মুখ্য আলোচক হিসেবে উক্ত বিষয়ে গবেষণার ফলাফল উপস্থাপন করেন মালয়েশিয়ার পুত্রা বিশ্ববিদ্যালয়ের ল্যান্ড ম্যানেজমেন্ট বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। মুখ্য আলোচকের বক্তব্যে তিনি বলেন, তথ্য প্রযুক্তির উৎকর্ষতা সাধনের সাথে সাথে মানসম্মত গবেষণার বিষয়বস্তু নির্ধারণ ও তা দ্রুততার সাথে প্রকাশনার ক্ষেত্রে নানা পরিবর্তন এসেছে, যা গবেষকদের আয়ত্তে আনা এবং অনুধাবন করা জরুরী হয়ে পড়েছে।

সেমিনারটিতে সমন্বয়কের দায়িত্ব পালন করেন রুয়েটের গবেষণা ও সম্প্রসারণ দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মো. ফারুক হোসেন। পরিকল্পনা ও উন্নয়ন দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মিয়া মো. জগলুল সাদত সহ বিভিন্ন বিভাগের প্রধান ও শিক্ষকগণ এই গুরুত্বপূর্ণ সেমিনারে অংশগ্রহণ করেন।

বার্তা প্রেরক-

স্বাক্ষরিত/-

উপ-পরিচালক

জনসংযোগ দপ্তর

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়